একাডেমিক শাখা
ACADEMIC SECTION
OFFICE OF THE REGISTRAR
UNIVERSITY OF CHITTAGONG
CHITTAGONG, BANGLADESH

UNIVERSITY OF CHITTAGONG
CHITTAGONG-4331, BANGLADESH
Phone : PABX 726311-14, 2606001-10
2606015-27 Extn-Off : 4224
Fax : 880-31-2606014
E-mail : dracademiccu@yahoo.com
dracademiccu2012@gmail.com

সূত্র / Ref :

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

তারিখ / Date :
০৯.০৭.২০১৮

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

" ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে বিভিন্ন ভাষায় সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি "

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটের অধীনে নিম্নোক্ত ভাষাসমূহে ০১(এক) বৎসর মেয়াদী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি করার জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

শর্ত ঃ **একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থীকে একাধিক ভাষায় ভর্তি করা হবে না।**

ভর্তি ফরম কলা ও মানববিদ্যা অনুষদের আধুনিক ভাষা ইনস্টিটিউট অফিস হতে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় দলিল পত্রাদির সত্যায়িত ফটোকপিসহ ভর্তি ফরম উক্ত অফিসেই জমা দিতে হবে এবং নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ছাত্র/ছাত্রীদের ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা হবে।

(১) বাংলা (শুধু মাত্র বিদেশীদের জন্য) (২) ইংরেজী (৩) ফরাসী (৪) জার্মান (৫) জাপানী (৬) চাইনিজ (৭) আরবি ও (৮) ফারসি ভাষা ।

ক্রমিক নং	কার্যক্রম	তারিখ
১।	আধুনিক ভাষা ইনস্টিটিউট অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ ও জমা দেয়ার সময়সীমা ঃ	১০.০৭.২০১৮ থেকে ১৪.০৮.২০১৮ পর্যন্ত।
২।	ভর্তি পরীক্ষা ঃ (বুধবার দুপুর ২:১৫- ৩:১৫) = ১ ঘন্টা	০৫.০৯.২০১৮ ইং
৩।	ফলাফল প্রকাশ ঃ (সোমবার দুপুর-১২.০০ টা)	১০.০৯.২০১৮ ইং
৪।	মেধা তালিকায় উত্তীর্ণ এবং ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তি ফরম আধুনিক ভাষা ইনস্টিটিউট অফিস থেকে একাডেমিক শাখায় প্রেরণ ঃ	১২.০৯.২০১৮ ইং
৫।	ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের আধুনিক ভাষা ইনস্টিটিউট এবং (একাডেমিক) শাখা থেকে ছাড়পত্র নিয়ে অগ্রণী ব্যাংক চ.বি.শাখায় ভর্তি ফিস জমা দেয়ার সময়সীমা ঃ	১৭.০৯.২০১৮ থেকে ২৭.০৯.২০১৮ পর্যন্ত।
৬।	অপেক্ষমান তালিকা থেকে পর্যায়ক্রমে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের আধুনিক ভাষা ইনস্টিটিউট এবং একাডেমিক শাখা থেকে ছাড়পত্র নিয়ে অগ্রণী ব্যাংক চ.বি. শাখায় ভর্তি ফিস জমা দেয়ার সময়সীমা ঃ	০৩.১০.২০১৮ থেকে ১১.১০.২০১৮ পর্যন্ত।
৭।	ক্লাশ শুরু ঃ (সোমবার সকাল- ১১:০০ টা)	২৫.১০.২০১৮ ইং

বিঃ দ্রঃ গত ১৬/০৮/২০০৯ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৫৬ তম সভার ৬১ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রতি কোর্স চালু করার জন্য ন্যূনতম ছাত্র-ছাত্রী সংখ্যা ০৩ (তিন) জন নির্ধারণ করা হয়েছে।

<u>সার্টিফিকেট কোর্সে ভর্তির যোগ্যতা ঃ</u>

যারা এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষা পাশ করেছেন তাঁরা সার্টিফিকেট কোর্সে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

১। সার্টিফিকেট কোর্সে ভর্তির সময় ছাত্র/ছাত্রীদেরকে নিম্নোক্ত ফিস জমা দিতে হবে ঃ

ভর্তি ও টিউশন ফিস = ১,০০০/-(এক হাজার মাত্র)।

<u>ডিপ্লোমা কোর্সে ভর্তির যোগ্যতা ঃ</u>

যারা উপরে বর্ণিত যে কোন ভাষায় সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পাশ করেছেন, তাঁরা সংশ্লিষ্ট ভাষায় ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

২। <u>ডিপ্লোমা কোর্সে ভর্তির সময় সকল পর্যায়ের ছাত্র/ছাত্রীদেরকে নিম্নোক্ত ফিস জমা দিতে হবে ঃ</u>

ভর্তি ও টিউশন ফিস = ১২৫০.০০(এক হাজার দুইশত পঞ্চাশ টাকা মাত্র)

এছাড়া যাদের নিয়মিত ছাত্র/ছাত্রী হিসাবে এ বিশ্ববিদ্যালয়ে রেজিস্ট্রেশন নাই তাদেরকে উপরোক্ত ফিস ছাড়াও রেজিস্ট্রেশন ফিস বাবদ আরও ৩৩০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে এবং নির্ধারিত রেজিস্ট্রেশন ফরম পূরণ করে এতে পরিচালক, আধুনিক ভাষা ইনস্টিটিউট এর দস্তখত নিয়ে তা ভর্তি ফিস জমা দেয়ার পূর্বে ভর্তি ফরমের সঙ্গে জুড়ে দিতে হবে; অন্যথায় ভর্তি ফিস জমা দেয়ার অনুমতি প্রদান করা হবে না।

চাকুরীরত ভর্তিচ্ছু প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে এক বৎসরের ছুটি মঞ্জুরীর লিখিত অনুমতি এবং রিলিজ অর্ডার নিয়ে তা ভর্তি ফরমের সঙ্গে জমা দিতে হবে ; অন্যথায় ভর্তি ফিস জমা দেয়ার অনুমতি দেয়া হবে না। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেলায় উপরোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে না। তবে তাঁদেরকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট হতে ভর্তির ব্যাপারে প্রশাসনিক অনুমতি নিয়ে ভর্তি হতে হবে। প্রশাসনিক অনুমতি ব্যতীত তাঁদেরকে সংশ্লিষ্ট কোর্সে ভর্তির সুযোগ দেয়া হবে না।

এ কোর্সে ভর্তিচ্ছু কোন শিক্ষার্থীর অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি বলবৎ থাকলে বা অধ্যয়নরত থাকলে তাদেরকে ঐ ভর্তি বাতিল করে এ কোর্সে ভর্তি হতে হবে এবং ভর্তি বাতিলের লিখিত অনুমতি পত্র এ কোর্সের ভর্তি ফরমের সঙ্গে জুড়ে দিতে হবে ; অন্যথায় ভর্তি ফিস জমা দেয়ার অনুমতি দেয়া হবে না।

এ বিশ্ববিদ্যালয় বহির্ভূত ডিগ্রী প্রাপ্ত ছাত্র/ছাত্রীদিগকে অন্যান্য ফিস ছাড়াও অতিরিক্ত ৩০০/-টাকা মাইগ্রেশন ফিস জমা দিতে হবে। এ ছাড়া তাদেরকে ভর্তি ফিস জমা দেয়ার পূর্বে মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিতে হবে।

ক্রমশ-----২

একাডেমিক শাখা
ACADEMIC SECTION
OFFICE OF THE REGISTRAR
UNIVERSITY OF CHITTAGONG
CHITTAGONG, BANGLADESH

UNIVERSITY OF CHITTAGONG
CHITTAGONG-4331, BANGLADESH
Phone : PABX 726311-14, 2606001-10
2606015-27 Extn-Off : 4224
Fax : 880-31-2606014
E-mail : dracademiccu@yahoo.com
dracademiccu2012@gmail.com

সূত্র / Ref :

তারিখ / Date :

সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তি প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে যে সমস্ত সার্টিফিকেট দলিল পত্রাদির সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে তার বিবরণ:

১। ভর্তিচ্ছু প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত দুই কপি ফটো।

২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশের স্কুলের প্রধান শিক্ষক ও কলেজ অধ্যক্ষের প্রশংসা পত্রের সত্যায়িত কপি এবং শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দ ও সার্টিফিকেটের সত্যায়িত কপি।

৩। এ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ছাত্র/ছাত্রী হিসাবে রেজিস্ট্রেশন কার্ড ও আইডি কার্ডের সত্যায়িত কপি।

৪। সংশ্লিষ্ট ভাষায় সার্টিফিকেট কোর্সের পরীক্ষা পাশের বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দ ও সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ডিপ্লোমা কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।

অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখায় ভর্তি ফিস জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পুর্বে ভর্তি ফরমে ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) এর ছাড়পত্র নিতে হবে ; অন্যথায় ফিস জমা এবং ভর্তি কোনটাই বৈধ হিসাবে গণ্য করা হবে না।

ভর্তি ফরমে ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) এর ছাড়পত্র নেওয়ার পূর্বে মূল সনদপত্রাদি এবং বিশ্ববিদ্যালয়ের নিয়মিত ছাত্র/ছাত্রী হিসাবে ইস্যুকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড /আইডি কার্ড একাডেমিক শাখায় ভর্তির কাজে নিয়োজিত কর্মকর্তা/অফিস সহকারীকে যাচাই করবার জন্য দেখাতে হবে ; অন্যথায় ভর্তি ফিস জমা দেয়ার অনুমতি প্রদান করা হবে না।

বিঃ দ্রঃ ভর্তি সংক্রান্ত যোগাযোগের জন্যঃ মোবাইল নং ০১৮৬৩-৮০০১৪০ এবং টেলিফোন নং ০৩১-২৬০৬০০১-১০ এক্সটেনশন ৪২৬০।

স্বাক্ষরিত-
(এস.এম.আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যাল

স্মারক নং একা- ১৮৬/২০১৮-২০১৯/৫০৫৮(১৫০) তারিখ ঃ ০৯-০৭-২০১৮

সদয় অবগতি ও বহুল প্রচারসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো ঃ-

১। ডিন, কলা ও মানববিদ্যা অনুষদ, চ.বি.
২। প্রভোস্ট, সকল হল, চ.বি.
৩। ওয়ার্ডেন, শিল্পী রশীদ চৌধুরী হোস্টেল, চ.বি.
৪। সভাপতি, সকল বিভাগ, চ.বি.
৫। পরিচালক, আধুনিক ভাষা ইনস্টিটিউট, চ.বি.
৬। পরিচালক, সকল ইনস্টিটিউট, চ.বি.
৭। পরিচালক, সকল কেন্দ্র, চ.বি.
৮। প্রক্টর, চ.বি.
৯। পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা কেন্দ্র , চ.বি.
১০। কো-অর্ডিনেটর, আইসিটি সেন্টার, চ.বি. (চ.বি. ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
১১। সকল অফিস প্রধান, চ.বি.
১২। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য অফিস, চ.বি.
১৩। ডেপুটি রেজিস্ট্রার/সমমান কর্মকর্তা (সকল), রেজিস্ট্রার অফিস, চ.বি.
১৪। সহকারী রেজিস্ট্রার (সংযুক্ত), রেজিস্ট্রার দপ্তর, চ.বি.
১৫। ডেপুটি রেজিস্ট্রার (তথ্য ও ফটোগ্রাফি), রেজিস্ট্রার দপ্তর, চ.বি. [ইহা প্রেস রিলিজ আকারে গণমাধ্যমে প্রচারের অনুরোধসহ]
১৬। সেকশন অফিসার, উপ-উপাচার্য অফিস, চ.বি.
১৭। ম্যানেজার, অগ্রণী ব্যাংক, চ.বি. শাখা
১৮। বিজ্ঞপ্তি ফলক
১৯। নথি।

৯-৭-১৮

(এস.এম.আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

F:\all Documents-2\Admision\Language Course.doc

০৯-০৭-১৮